

সোহরাব হোসাইনকে শিক্ষা সচিব নিয়োগ

সচিব পর্যায়ে রদবদল

■ ইত্তেফাক রিপোর্ট

জনপ্রশাসনে কয়েকটি সচিব পদে রদবদল ও কয়েকজন কর্মকর্তাকে নতুন করে সচিব করা হয়েছে। গতকাল জনপ্রশাসন মন্ত্রণালয় থেকে এ সংক্রান্ত সরকারি আদেশ জারি করা হয়।

রদবদলের মধ্যে বিসিএস প্রশাসন একাডেমির রেটর মো. সোহরাব হোসাইনকে শিক্ষা সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের সচিব মেছবাহ উল আলমকে ভূমি সচিব, মো. হুমায়ুন খালিদকে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের সচিব ও ভূমি আপিল বোর্ডের চেয়ারম্যান মো. আব্দুর রব হাওলাদারকে পরিকল্পনা কমিশনের সদস্য পদে বদলি করা হয়েছে।

সোহরাব হোসাইন গত বছরের ১০ নভেম্বর বিসিএস প্রশাসন একাডেমির রেটর হিসেবে যোগ দেন। এর আগে তিনি শিক্ষা মন্ত্রণালয়ে অতিরিক্ত সচিব হিসেবে দায়িত্ব পালন করেন। তিনি জনপ্রশাসন মন্ত্রণালয়ের যুগ্ম-সচিব (এপিডি) হিসেবেও দায়িত্ব পালন করেছেন। সোহরাব হোসাইন বাংলাদেশ সিভিল সার্ভিস প্রশাসন ক্যাডারের ১৯৮৪ ব্যাচের কর্মকর্তা। তিনি শিক্ষামন্ত্রী নূরুল ইসলাম নাহিদের একান্ত সচিব হিসেবেও কাজ করেছেন।

মেছবাহ উল আলম ১৯৮২ নিয়মিত ব্যাচের বিসিএস (প্রশাসন) ক্যাডারের কর্মকর্তা। তিনি সচিব হিসেবে ইতোপূর্বে পরিবেশ ও বন মন্ত্রণালয় এবং দুর্যোগ ব্যবস্থাপনা ও জাণ-মন্ত্রণালয়ে দায়িত্ব পালন করেছেন। বহিরাগমন ও পাসপোর্ট অধিদফতরের মহাপরিচালক এন এম জিয়াউল আলমকে মন্ত্রিপরিষদ বিভাগের ভারপ্রাপ্ত সচিব পদে (মুম্বয় ও সংস্কার) নিয়োগ দেয়া হয়েছে। তিনি ৮৪ ব্যাচের কর্মকর্তা। জ্বালানি ও খনিজসম্পদ বিভাগের অতিরিক্ত সচিব ৮৪ ব্যাচের নাজিমউদ্দিন চৌধুরীকে জ্বালানি ও খনিজসম্পদ বিভাগের ভারপ্রাপ্ত সচিব করা হয়েছে। জ্বালানি ও খনিজসম্পদ বিভাগের সচিব পদে বরকর সিদ্দিক ৩০ নভেম্বর মারা যান।

এদিকে চট্টগ্রাম বিভাগের বিভাগীয় কমিশনার মুহাম্মদ আবদুল্লাহকে ভারপ্রাপ্ত সচিবের পদমর্যাদায় বিসিএস প্রশাসন একাডেমির রেটর নিয়োগ দেয়া হয়েছে। অর্থ বিভাগের জ্যেষ্ঠ সচিব মাহবুব আহমেদের পিআরএল বাতিল করে দুই বছরের জন্য চুক্তিতে তাকে একই পদে নিয়োগ দেয়া হয়েছে। আগামী ২৯ ডিসেম্বর পিআরএল যাওয়ার কথা ছিল মাহবুবের। চুক্তিতে তার নিয়োগ আগামী ৩০ ডিসেম্বর বা তার যোগদানের তারিখ থেকে কার্যকর হবে।